গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
কারা-২ শাখা।

পত্র সংখ্যা-৪৪.০০.০০০০.০২৪.০১.০০১.১৫-২০১

তারিখ ঃ ১৮ জ্যৈষ্ঠ ১৪২৩। ০১ জুন ২০১৬।

বিষয়ঃ প্যারোলে মুক্তি সংক্রান্ত নীতিমালা।

সূত্র ঃ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের স্মারক নং-স্বঃ মঃ (কারা-২)বিবিধ-১৬/২০০৭/৭৭; তারিখঃ ০৪-০৩-২০১০।

সরকার কারাবন্দীদের প্যারোলে মুক্তির বিষয়ে নিম্নরূপভাবে নীতিমালা প্রণয়ন করল ঃ

(ক) সাধারণ নীতিমালা ঃ

১.(ক) ভি,আই,পি/অন্যান্য সকল শ্রেণীর কয়েদী/হাজতী বন্দীদের নিকট আত্মীয় যেমন বাবা-মা, শ্বশুর-শ্বাশুড়ী, স্বামী-স্ত্রী, সন্তান-সন্ততি এবং আপন ভাই-বোন মারা গেলে নির্দিষ্ট সময়ের জন্য প্যারোলে মুক্তি দেয়া যাবে;

(খ) ভি,আই,পি/অন্যান্য সকল শ্রেনীর কয়েদী/হাজতী বন্দীর নিকট আত্মীয়ের মৃত্যুর কারণ ছাড়াও কোন আদালতের আদেশ কিংবা সরকারের বিশেষ সিদ্ধান্ত মোতাবেক প্যারোলে মুক্তির দেয়া প্রয়োজন হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে নির্দিষ্ট সময়ের জন্য বন্দীকে প্যারোলে মুক্তি দেয়া যাবে;

উভয় ক্ষেত্রে নিরাপত্তা ও দূরত্ব বিবেচনায় প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ সময় নির্ধারণ করে দিবেন।

২. সেক্ষেত্রে বন্দীকে সার্বক্ষণিক পুলিশ প্রহরাধীনে রাখতে হবে;

৩. মুক্তির সময়সীমা কোন অবস্থাতেই ১২ ঘন্টার অধিক হবে না। তবে বিশেষ ক্ষেত্রে সরকার মুক্তির সময়সীমা হ্রাস/বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করবে;

৪. কোন বন্দী জেলার কোন কেন্দ্রীয়/জেলা/বিশেষ কারাগার/সাব জেলে আটক থাকলে ঐ জেলার অভ্যন্তরে যে কোন স্থানে মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্যারোল মঞ্জুর করতে পারবেন। অপরদিকে কোন বন্দী নিজ জেলায় অবস্থিত কোন কেন্দ্রীয়/জেলা/বিশেষ কারাগার/সাব জেলে আটক না থেকে অন্য জেলায় অবস্থিত কোন কেন্দ্রীয়/জেলা/বিশেষ কারাগার/সাব জেলে আটক থাকলে গন্তব্যের দূরত্ব বিবেচনা করে মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্যারোল মঞ্জুর করতে পারবেন। তবে উভয় ক্ষেত্রেই দুর্গম এলাকা, যোগাযোগ ব্যবস্থা, দূরত্ব ও নিরাপত্তার বিষয়টি বিবেচনায় মঞ্জুরকারী কর্তৃপক্ষ প্যারোল মঞ্জুর কিংবা না-মঞ্জুরের ক্ষমতা সংরক্ষন করবেন;

৫. কারাগারের ফটক থেকে পুলিশ প্যারোলে মুক্ত বন্দীকে বুঝে নেবার পর অনুমোদিত সময়সীমার মধ্যেই পুনরায় কারাগারে প্রেরণ করবেন।

(খ) প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ ঃ

সংশ্লিষ্ট বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট প্যারোল মঞ্জুরকারী কর্তৃপক্ষ হিসেবে বিবেচিত হবেন।

(গ) পূর্বে জারীকৃত নীতিমালা বাতিল ঃ

এ বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর কারা শাখা-২ হতে গত ২২-০৯-২০০৭ খ্রিঃ তারিখে স্বঃ মঃ(কারা-২)/বিবিধ-১৬/২০০৭/৩৮৮ এবং ০৪-০৩-২০১০ খ্রিঃ তারিখে স্বঃ মঃ(কারা-২) বিবিধ-১৬/২০০৭/৭৭ নম্বর স্মারকমূলে জারীকৃত নীতিমালা বাতিল করা হলো।

২। বর্ণিতাবস্থায়, বর্তমান নীতিমালাটি অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আলী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৪৫১৪।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। মহা পুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (কারা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
৩। বিভাগীয় কমিশনার......................................(সকল)।
৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা ম্যাজিস্ট্রেট.........................................(সকল)।
৬। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।